গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্লট-ই-১৩/বি, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

নং- ০৩.০৭.২৬৬৬.৬৫৭.২২.০৬৭.১৯-৪৭

তারিখঃ ১৬/০১/২০২০ খ্রিঃ

## সভার নোটিশ

আগামী ২৩/০১/২০২০ খ্রিঃ তারিখ সকাল ১০.৩০ টায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদ্‌যাপনের নিমিত্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য এনজিও বিষয়ক ব্যুরো এবং ব্যুরোর সাথে নিবন্ধিত এনজিওসমূহকে নিয়ে একটি মতবিনিময় সভা ব্যুরোর হল রুমে (কক্ষ নং-৩০৪) অনুষ্ঠিত হবে। সভায় ব্যুরোর মহাপরিচালক জনাব কে,এম, আব্দুস সালাম সভাপতিত্ব করবেন।

জাতির পিতা পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উপলক্ষ্যে এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক কর্মপরিকল্পনা এ সাথে প্রেরণ করা হলো। বঙ্গবন্ধু জন্ম শতবার্ষিকীর কর্মপরিকল্পনার আলোকে এনজিও-দের খসড়া কর্মপরিকল্পনাসহ সভায় সংশ্লিষ্ট সকলকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রম অনুরোধ করা হ'ল।

১৬/০১/২০২০

**(মুহাম্মদ আনোয়ার হোসেন)**
উপপরিচালক(সাঃ)
ও
সদস্য-সচিব
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী
উদ্‌যাপনের জন্য কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি
ফোনঃ ৫৫০০৭৩৯৯।

নির্বাহী পরিচালক/নির্বাহী প্রধান

........................................

........................................

**বিতরণঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১। উপপরিচালক (সাঃ)/(পওনি), এনজিও বিষয়ক ব্যুরো।
০২। সহকারী পরিচালক-১/২, এনজিও বিষয়ক ব্যুরো।
০৩। এসাইনমেন্ট অফিসার-১/২/৩/৪/৫, এনজিও বিষয়ক ব্যুরো।
০৪। প্রশাসনিক কর্মকর্তা (ভারপ্রাপ্ত), এনজিও বিষয়ক ব্যুরো (সভায় ৫০০ জনের আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০৫। ব্যক্তিগত কর্মকর্তা, এনজিও বিষয়ক ব্যুরো।
০৬। তত্ত্বাবধায়ক-১/২, এনজিও বিষয়ক ব্যুরো।
০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এনজিও বিষয়ক ব্যুরো (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৮। পরিচালক (নিবন্ধন ও অডিট) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এনজিও বিষয়ক ব্যুরো (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৯। পরিচালক (প্রকল্প-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এনজিও বিষয়ক ব্যুরো (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। পরিচালক (প্রকল্প-২) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এনজিও বিষয়ক ব্যুরো (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। সকল কর্মচারী, এনজিও বিষয়ক ব্যুরো।
১২। অফিস কপি।

**এনজিও বিষয়ক ব্যুরো**
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে এনজিও বিষয়ক ব্যুরোর কর্মপরিকল্পনাঃ**

| ক্র. | কর্মসূচি | বাস্তবায়নের সম্ভাব্য সময় | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১। | জাতীয় কর্মসূচির সাথে মিল রেখে কর্মসূচি প্রণয়ন | জানুয়ারি২০২০ | এনজিও বিষয়ক ব্যুরো এবং এনজিওসমূহ |
| ২। | এনজিওদের কর্মসূচিসমূহ নিয়ে মতবিনিময় | জানুয়ারি২০২০ | এনজিও বিষয়ক ব্যুরো এবং এনজিওসমূহ |
| ৩। | বঙ্গবন্ধুর ছবি সংবলিত ব্যানার, পোস্টার, ফেস্টুন ও রঙ্গিন পতাকা দ্বারা ব্যুরো সজ্জিতকরণ | ১৭ মার্চ ২০২০ | এনজিও বিষয়ক ব্যুরো |
| ৪। | এনজিও বিষয়ক ব্যুরোর সকল কর্মকর্তা/ কর্মচারী এবং সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধিদের নিয়ে বর্ণাঢ্য র‍্যালির আয়োজন এবং ধানমন্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধু যাদুঘরে অবস্থিত প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ | ১৭ মার্চ এবং ১৫ আগস্ট ২০২০ | এনজিও বিষয়ক ব্যুরো এবং এনজিওসমূহ |
| ৫। | আলোকচিত্র প্রদর্শনী (৩টি) | ১৭মার্চএবং১৫আগস্ট২০২০ | এনজিওসমূহ |
| ৬। | এনজিও পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানে বঙ্গবন্ধুকে নিয়ে রচনা, চিত্রাংকন প্রতিযোগিতা এবং পুরস্কার প্রদান | মার্চ, আগস্ট এবং ডিসেম্বর ২০২০ | এনজিওসমূহ |
| ৭। | ব্যুরো ভবনের সামনে একটি ডিজিটাল বিলবোর্ড স্থাপন করে জাতির পিতা বংগবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণসহ বঙ্গবন্ধুর জীবনভিত্তিক প্রামান্য চিত্র প্রদর্শন এবং উন্নয়নমূলক কার্যক্রম সংক্রান্ত তথ্য প্রচার | জুন ২০২০ | এনজিও বিষয়ক ব্যুরো এবং এনজিওসমূহ |
| ৮। | ব্যুরো চত্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতির ম্যুরাল নির্মাণ | জুন ২০২০ | এনজিও বিষয়ক ব্যুরো |
| ৯। | এনজিও বিষয়ক ব্যুরোর লাইব্রেরীতে বঙ্গবন্ধু কর্ণার উদ্বোধন | জুন ২০২০ | এনজিও বিষয়ক ব্যুরো |
| ১০। | বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী স্মরনীয় করে রাখার জন্য বিশেষ বৃক্ষরোপন কার্যক্রম গ্রহণ | জুন ২০২০ | এনজিও বিষয়ক ব্যুরো |
| ১১। | সেবামূলক কার্যক্রম/ প্রতিবন্ধী-বয়স্ক-শিশু-নারীদের নিয়ে উল্লেখযোগ্য কার্যক্রম বাস্তবায়নের জন্য এনজিওসমূহকে পদক প্রদান | ডিসেম্বর ২০২০ | এনজিও বিষয়ক ব্যুরো |
| ১২। | বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ নিয়ে মেলার আয়োজন | ডিসেম্বর২০২০ | এনজিও বিষয়ক ব্যুরো এবং এনজিওসমূহ |
| ১৩। | বঙ্গবন্ধুর 'জীবন ও কর্ম' শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠান | বিভিন্ন জাতীয় গুরুত্বপূর্ণ দিবসে | এনজিও বিষয়ক ব্যুরো এবং এনজিওসমূহ |
| ১৪। | বিশেষ দিবসসমূহ উদযাপনঃ ১০ জানুয়ারি, ২১ফেব্রুয়ারি, ৭মার্চ, ১৭মার্চ, ১০এপ্রিল, ১৭এপ্রিল, ২৫ ও ২৬মার্চ, ১৫আগস্ট, ১৬ডিসেম্বর ইত্যাদি | নির্ধারিত তারিখে | এনজিও বিষয়ক ব্যুরো এবং এনজিওসমূহ |
| ১৫। | এনজিও বিষয়ক ব্যুরোর নিবন্ধিত সংস্থাসমূহের এতিমখানা, মাদ্রাসা, চার্চে বঙ্গবন্ধুর জন্মদিন উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ | বিভিন্ন দিবস উপলক্ষে | এনজিও বিষয়ক ব্যুরো এবং এনজিওসমূহ |
| ১৬। | এনজিওদের মাধ্যমে বিভিন্ন জেলা/ উপজেলায় প্রবীণদের বিশেষ চিকিৎসা সহায়তা (রক্ত দান/ চক্ষু পরীক্ষা ক্যাম্প) কর্মসূচি গ্রহণ | বিশেষ বিশেষ দিবসে | এনজিওসমূহ |
| ১৭। | বঙ্গবন্ধুর উপর প্রামাণ্যচিত্র প্রদর্শন | বছরব্যাপি | এনজিওসমূহ |
| ১৮। | এনজিও পরিচালিত বিভিন্ন স্কুলে বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ও স্বাধীনতা যুদ্ধ সম্পর্কিত পুস্তক বিতরণ | বছরব্যাপি | এনজিওসমূহ |
| ১৯। | সাংস্কৃতিক কার্যক্রমের মাধ্যমে (সেমিনার, আঞ্চলিক গান, পথ নাটক ইত্যাদি) বিভিন্ন সামাজিক উন্নয়ন সংক্রান্ত প্রচারনা | বছরব্যাপি | এনজিওসমূহ |
| ২০। | এনজিওদের নিয়ে বিশেষ বিশেষ দিবসে জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে বঙ্গবন্ধুকে নিয়ে সাময়িকী প্রকাশ | বছরব্যাপি | এনজিও বিষয়ক ব্যুরো এবং এনজিওসমূহ |
| ২১। | বিশেষ বিশেষ দিবসে এনজিওসমূহে দোয়া মাহফিলের আয়োজন | বছরব্যাপি | এনজিওসমূহ |
| ২২। | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে পুস্পস্তবক অর্পণ (টুঙ্গীপাড়া) | বছরব্যাপি | এনজিও বিষয়ক ব্যুরো এবং এনজিওসমূহ |
| ২৩। | ব্যুরোর নিবন্ধিত এনজিওসমূহের স্কুলগুলোতে বঙ্গবন্ধুকে নিয়ে কার্যক্রম গ্রহণ | বছরব্যাপি | এনজিওসমূহ |
| ২৪। | এনজিও পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানে বঙ্গবন্ধুর জীবনী নিয়ে কুইজ প্রতিযোগিতা | বছরব্যাপি | এনজিওসমূহ |

উল্লিখিত কর্মসূচিসমূহ জাতীয় কর্মসূচির সাথে সম্পৃক্ত রেখে বাস্তবায়ন করতে হবে।

১৭/০২/২০২০

**(মুহাম্মদ আনোয়ার হোসেন)**
(উপসচিব)
উপপরিচালক (সাঃ)

প্রাপক,

....................................
....................................
....................................

G:\Important Information\admin\General\Day (Different)\Celebrating Birth Anniversary\Bangabandhu birth anniversary plan.docx